

১৯৭৩

বৈনিক ইভেফাক

তারিখ
পৃষ্ঠা ... কলাম ...

আর্থিক সংকটে বাকুবি

বাকুবি (ময়মনসিংহ) সংবাদ-
দাতা ॥ আর্থিক সংকটের কারণে
বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের
উন্নয়ন কার্যক্রম বিঘ্ন হবার আশংকা
দেখা দিয়েছে। বর্তমানে ব্যাংক
ঋণ নিয়ে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক
কর্মকর্তা কর্মচারীদের বেতন দিতে
হচ্ছে। শিক্ষার্থীদের বৃত্তির টাকাও
আটকে পড়েছে। এতে বিশ্ববিদ্যা-
লয়ের সব খাতেই অর্থ সাধনে
ভিসির বিশেষ তদারকি শুরু হয়েছে।
এ বিশ্ববিদ্যালয়ের বার্ষিক উন্নয়ন
খাতে হতে প্রায় ২ কোটি এবং
স্বাস্থ্য খাতে হতে প্রায় ৬০ লাখ
টাকা কর্তনের খিন সিগন্যাল সং-
শ্লিষ্ট মছল হতে এনেই বিভিন্ন খাতে
খরচের টানাটানি শুরু হয়। বর্তমানে
এখানে ছাত্রবাস, হাসপাতাল, কৃষি
মিউজিয়াম, কেন্দ্রীয় গবেষণাগার
নির্মাণাধীন। টাকা কর্তন হলে
এসব উন্নয়নমূলক কর্মকাণ্ড বন্ধ
হবার আশংকা ব্যক্ত করেছে শিক্ষক
সমিতি।

এদিকে ভিসি অর্থ সাধনে
বিভিন্ন খাতের কনটেনজেন্সী খরচ
কমিয়ে বিদ্যুৎ-গ্যাসের ব্যবহারে
কড়াকড়ি আরোপের আদেশ দিয়ে-
ছেন। ভিসি নিজেই হলে হলে
'হিটার সরাও' অভিযানে শরিক
হচ্ছেন। নিজের এসি ব্যবহারে
সংযমী হয়ে অবৈধ এসি সংযোগ বন্ধ
করে দিয়েছেন। এতে গত মার্চ
মাসে বিদ্যুৎ বিল ১৮ লাখের
স্থলে ১০ লাখ এসেছে।

এ নিয়ে ভিসি প্রফেসর মুহাঃ
মুস্তাফিজুর রহমান ইভেফাককে
জানান, তিনি ৫ কোটি টাকার ঘটতি
নিয়ে দায়িত্বভার গ্রহণ করেছেন।